# নির্বাচন বোর্ড কার্যালয়

## বায়রা নির্বাচন ২০২৪

## বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-বায়রা/নির্বাচন/২০৫/২০২৪/০১৮ তারিখ: ২৪/১০/২০২৪ ইং

## বিজ্ঞপ্তি

**বিষয়: বায়রা কার্যনির্বাহী কমিটির ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচনী পুন:তফসিল**

এতদ্বারা বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, বায়রা সংঘস্মারক ও সংঘবিধির নির্বাচন সংক্রান্ত বিধি-বিধান, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ১১/০৬/২০২৪ ইং তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫৩.১৪.১২১ নং স্মারক ও ১৫/০৮/২০২৪ ইং তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.৮৯.৬৬৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২০২৬ মেয়াদের ২৭(সাতাশ) সদস্য বিশিষ্ট ২(দুই) বছরের জন্য কার্যনির্বাহী কমিটির নির্বাচন আগামী **১০/১২/২০২৪ ইং তারিখ (মঙ্গলবার)** অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে বায়রা নির্বাচন বোর্ড ২০২৪ এর ২৫/০৬/২০২৪ ইং তারিখের বায়রা/নির্বাচন/২০৫/২০২৪/০১ নং স্মারকের বর্ণিত বিজ্ঞপ্তিতে তফসিলের ক্রমিক নং- ১ হতে ৫ নং সম্পন্ন হওয়ায় ক্রমিক নং-৬ হতে পুন:তফসিল ঘোষণা করা হলো। নির্বাচনী পুন:তফসিল মোতাবেক নির্বাচনে অংশগ্রহণ করে সুষ্ঠুভাবে নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য সম্মানিত ভোটারগণের সহযোগিতা কামনা করা হলো।

ইতোপূর্বে অনুষ্ঠিত নির্বাচন উপলক্ষে বায়রা কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র আসন্ন নির্বাচনে বৈধ বলে গণ্য হবে না।

(আবু বকর সিদ্দিক)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪

(হারুনুর রশিদ)
চেয়ারম্যান
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪

(মাজহারুল ইসলাম)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪

সংলগ্নী: ২০২৪-২০২৬ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির নির্বাচনী পুন:তফসিল।

# নির্বাচন বোর্ড কার্যালয়

## বায়রা নির্বাচন ২০২৪

## বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

### ২০২৪-২০২৬ মেয়াদের বায়রা কার্যনির্বাহী কমিটির
### নির্বাচনী পুন:তফসিল-২০২৪

| ক্রমিক নং | কার্যক্রম | তারিখ, বার ও সময় |
|---|---|---|
| ৬. | নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ২৮ অক্টোবর ২০২৪ সোমবার, বিকাল ৪.০০টা |
| ৭. | নির্বাচন বোর্ডের নিকট হতে নির্বাচন কার্যপরিধি ও আচরণ বিধি এবং মনোনয়ন পত্র বিতরণ | ৩ নভেম্বর ২০২৪ রবিবার হতে ৭ নভেম্বর ২০২৪ বৃহস্পতিবার, বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ৮. | নির্বাচনে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন পত্র দাখিল | ৯ নভেম্বর ২০২৪ শনিবার, বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ৯. | নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়ন পত্র বাছাই এবং বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ১৩ নভেম্বর ২০২৪ বুধবার, বাছাই শেষে |
| ১০. | মনোনয়ন পত্র বাতিলের বিরুদ্ধে নির্বাচন আপীল বোর্ডে আপত্তি দাখিল (যদি থাকে) | ১৬ নভেম্বর ২০২৪ শনিবার, বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ১১. | নির্বাচন আপীল বোর্ড কর্তৃক প্রাপ্ত আপত্তির শুনানীর সুযোগ দিয়ে আপত্তিসমূহ নিস্পত্তি করত: তাঁদের সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করা | ১৮ নভেম্বর ২০২৪ সোমবার, আপীলের শুনানী শেষে নির্বাচন বোর্ডকে সিদ্ধান্ত প্রদান |
| ১২. | নির্বাচন বোর্ড কর্তৃক (নির্বাচনের জন্য) বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ১৯ নভেম্বর ২০২৪ মঙ্গলবার, বিকাল ৪.০০টা |
| ১৩. | প্রার্থীতা প্রত্যাহারের তারিখ:<br><br>বি:দ্র: প্রার্থীতা প্রত্যাহারে ইচ্ছুক প্রার্থীকে স্বশরীরে/নিজের প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আকারে প্রতিনিধির মাধ্যমে প্রার্থীতা প্রত্যাহার পত্র জমা দিতে হবে। প্রার্থীতা প্রত্যাহারের পর যদি দেখা যায় বৈধ প্রার্থীর সংখ্যা নির্বাচনযোগ্য সদস্য সংখ্যার সমান বা তদপেক্ষা কম, তাহলে ভোট গ্রহণের প্রয়োজন হবে না এবং এমন প্রার্থীগণ নির্বাচিত হয়েছেন মর্মে ঘোষণা দেয়া হবে। এক্ষেত্রে তফসীলে বর্ণিত ১৮ নং ক্রমিকের কার্যক্রম Office Bearers নির্বাচন পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অনুষ্ঠিত হবে। | ২১ নভেম্বর ২০২৪ বৃহস্পতিবার, বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ১৪. | প্রার্থীতা প্রত্যাহার (যদি থাকে) শেষে নির্বাচন বোর্ড কর্তৃক প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ২৪ নভেম্বর ২০২৪ রবিবার, বিকাল ৪.০০টা |
| ১৫. | নির্বাচন বোর্ড কার্যালয় হতে ভোটারদের পরিচয়পত্র সংগ্রহ | ২৫ নভেম্বর ২০২৪ সোমবার হতে ৩০ নভেম্বর ২০২৪ শনিবার, সকাল ১০.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত |
| ১৬. | ভোট গ্রহণ:<br><br>ভোট কেন্দ্র: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)<br>আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা। | ১০ ডিসেম্বর ২০২৪ মঙ্গলবার, সকাল ৯.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত (বিরতিহীনভাবে) |
| ১৭. | ভোট গণনা, ফলাফল প্রকাশ এবং সর্বোচ্চ ভোট প্রাপ্ত ২৭(সাতাশ) জন প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করা | ১০ ডিসেম্বর ২০২৪ মঙ্গলবার, ভোট গ্রহণ শেষে নির্বাচনী কেন্দ্রে ফলাফল ঘোষণা |
| ১৮. | ২৭(সাতাশ) জন নির্বাচিত সদস্যদের মধ্য হতে Office Bearers নির্বাচন<br>স্থান: বায়রা কার্যালয়,<br>বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা) | ১১ ডিসেম্বর ২০২৪ বুধবার, বিকাল ৪.০০টা |
| ১৯. | নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিল (যদি থাকে) | ১৩ ডিসেম্বর ২০২৪ শুক্রবার, বিকাল ৪.০০টার মধ্যে |

# নির্বাচন বোর্ড কার্যালয়

## বায়রা নির্বাচন ২০২৪

## বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

| ক্রমিক নং | কার্যক্রম | তারিখ, বার ও সময় |
|---|---|---|
| ২০. | নির্বাচন আপীল বোর্ড কর্তৃক প্রাপ্ত আপত্তির শুনানীর সুযোগ দিয়ে আপত্তিসমূহ নিস্পত্তি করত: তাঁদের সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করা (যদি থাকে) | ১৫ ডিসেম্বর ২০২৪ রবিবার, বিকাল ২.০০টা |
| ২১. | নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক সংশোধনী ফলাফল প্রকাশ/ঘোষণা | ১৫ ডিসেম্বর ২০২৪ রবিবার, বিকাল ৪.০০টা পর্যন্ত |

(আবু বকর সিদ্দিক)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪

(মাজহারুল ইসলাম)
সদস্য
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪

(হারুনুর রশিদ)
চেয়ারম্যান
বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪